


# भारतीय कला और शिल्प

# ভারতীয় কলা আর শিল্প

# BHARATIYA KALA AUR SHILPA

Vol. 2, No. 2
January 2022

National Institute of Technical Teachers' Training and Research, Kolkata
राष्ट्रीय तकनीकी शिक्षक प्रशिक्षण एबं अनुसंधान संस्थान, कोलकाता

# भारतीय कला और शिल्प

## ভারতীয় কলা আর শিল্প

# Bharatiya Kala Aur Shilpa

Vol. 2. No. 2, January 2022

National Institute of Technical Teachers'
Training and Research, Kolkata
राष्ट्रीय तकनीकी शिक्षक प्रशिक्षण
एबं अनुसंधान संस्थान, कोलकाता

# Editorial Board



*Prof. Debi Prasad Mishra*
*Editor-in-Chief*



*Prof. Samir Roy*
*Editor*



*Prof. Ranjan Dasgupta*
*Member*



*Prof. Dipankar Bose*
*Member*



*Prof. Habiba Hussain*
*Member*

# Contents


| *Title and Author* | *Page* |
|---|---|
| **From the Desk of Editor-in-Chief**<br>*Prof. Debi Prasad Mishra, Director* | 01 |
| **Picture**<br>*Shivam De, Son of Shri Priyatosh De, Staff* | 02 |
| **An Eternal Song**<br>*Debi Prasad Mishra, Director* | 03 |
| **The Miracle**<br>*Habiba Hussain, Faculty* | 03 |
| **Make Efforts-Serve All**<br>*Dipankar Bose, Facuty* | 04 |
| **Time is an Illusion**<br>*Samir Roy, Faculty* | 05 |
| **অবসর**<br>*দীপক গুপ্ত, কর্মী* | 07 |
| **খবর**<br>*প্রশান্ত পাল, কর্মী* | 09 |
| **সত্যি ভূতের গল্প**<br>*তন্দ্রা দে দাস (কর্মী প্রিয়তোষ দে'র স্ত্রী)* | 10 |
| **শারদীয়া**<br>*দীপঙ্কর বসু, অধ্যাপক* | 15 |

| Title and Author | Page |
|---|---|
| ওরা অসহায়<br>*সুজাতা, ছাত্রী* | 16 |
| তিন কাহন<br>*সুজাতা, ছাত্রী* | 16 |
| ভিসা<br>*নিতাই কুমার সরকার, কর্মী* | 17 |
| নমস্কারের মাহাত্ম<br>*রাধানাথ রাউত, কর্মী* | 17 |
| Picture<br>*Ms. Marisha Naskar, Daughter of S.K. Naskar, Faculty* | 19 |
| बच्चों की शिक्षा बिकाश<br>*राधानाथ राउत, कर्मी* | 20 |
| वो मीठी-मीठी बातें...अब पुराने हो गए...<br>*रायपाटि सुब्बाराव, सह – आचार्य, यांत्रिक विभाग* | 24 |
| तेरी याद - 2022<br>*रायपाटि सुब्बाराव, सह – आचार्य* | 25 |
| एक विदाई ऐसे भी<br>*सीतेश आनन्द, छात्र* | 26 |
| समय का सदुपयोग, हिंदी कहानी<br>*सीतेश आनन्द, छात्र* | 26 |
| लगे रहे अपने अपने काम पर...<br>*रायपाटि शारदा और रायपाटि सुब्बाराव* | 28 |

*From the Desk of*
# Editor-in-Chief



Happy prosperous New year to all of you and your family members. All of you might have greeted the new year 2022 with pomp and vigor as we have accepted this western new year without questioning its veracity. The present-day Gregorian calendar is considered to be commenced from, the 'year of grace', which signifies the year in which Jesus was born, and the beginning of the Christian Era. This Gregorian calendar system is quite mechanical in nature not integrated properly with local position in terms of latitude and longitude. In contrast, Indian calendar system is quite scientific in nature unlike this Gregorian calendar system which is being used for most official purposes currently by us in India. This Western calendar is based on the sun, in which a year is a time required for the earth to complete one orbit around the sun. However, the Indian calendar is ingeniously based on both the sun and the moon. Interesting to note that it uses a solar year while dividing it into 12 lunar months. A lunar month is the time span for the moon to orbit around the earth through a complete cycle of phases. Furthermore, these months are formulated in accordance with the successive entrances of the sun into the 12 Zodiacal constellations marking the path of the sun. Hence it is important and essential that some of us can undertake a comprehensive study on the Indian calendar system systematically to popularize particularly among youths. Interestingly Makara Sankranti falls on 14th January in each year as per the western calendar. Makara is the name of a zodiac and Sankranti in Sanskrit indicates the entry of the Sun into a zodiac phase which occurs whenever the Sun moves from one zodiac phase to another zodiac phase. The Makara Sankranti is the mark of Sun's movement from Dakshinayana (South) to Uttarayana (North) hemisphere indicating the end of winter months and the beginning of longer days. This Makara Sankranti is celebrated with a lot of pomp and shows as a festival across by almost all communities across entire India not only for its astronomical and solar significance but being the harvest season. It is celebrated as Makara Sankranti in Bengal, Odisha, Bihu in Assam, Makara Sankramana in Karnataka & Maharashtra, Pongal in Tamil Nadu, Khichdi in Bihar, Lohri in Punjab, Uttarayan in Gujarat, cutting across all castes and creed as it is nothing but a tradition to observe and celebrate the revival of solar energy in our lives as the Sun is the energy source of lives in this beautiful earth. Let us salute Lord Sun as given below;

ॐ ऐही सूर्यदेव सहस्त्रांशो तेजो राशि जगत्पते।
अनुकम्पय मां भक्त्या गृहणार्ध्य दिवाकरः।।

**Prof. Debi Prasad Mishra**
***Director***



***Shivam De,***
Son of Priyotosh De, Staff

## An Eternal Song

*Debi Prasad Mishra, Director*

I wait for your sweet song,
Why did you torture me so long?
Do not you have a little heart,
Day by day you become smart.

Nothing could quench my thirst,
For you, I will die, it is a must,
For your song, everything, I have lost,
What I say today, you must trust.

Earnestly, I would like to possess,
Your song in my heart's recess,
Behold, how song bewitches,
Still to hear your sweet voices.

Spring has descended in the streets,
With its sweet breeze in grooves,
Water is dancing merely in the river,
I can't wait for your melody for ever.


Your charming voice rings all around,
People say, they have already found,
I am yet to hear the melodious sound,
My thirst for your song knows no bound.

I hope, you would come by,
With your grace, I would fly,
Like a bird, in the eternal sky,
Then, I will say to the world, good bye

## The Miracle

*Habiba Hussain, Faculty*

When I saw the moon in the sky
Everytime the child asked why -
Why not on the earth it moves,
All the children can jump and fly?
How so many stars, If the moon is one
Wondered the child all alone.
Ran to her mother and held her tight
Are they twinkling to give us light?
Then, why not they come down to our home?
Tell me Mama, you are always right
Where do they go during the day
When the sun shines and we are all happy & gay?
Are the stars and the moon still in the peak,
Or do they play there hide & seek?
Replied the child to herself & Mom -
I got the answer, its all done
The clouds release them free & ajar
Life has been a miracle so far!



# Make Efforts-Serve All

*Dipankar Bose, Facuty*

"Don't worry make efforts, problems will be solved''- in this problem ridden world I would rather start with this sermon of His Holiness Dalai Lama. Problems generate worries, stresses in our mind. Analyzing Life cycle I feel happiness has only momentary impact, rather the effect of sorrowfulness has been found to be spreaded over principle part of it. Adverse health worries, loss of near and dear ones, unsuccessful or failed efforts –all are the root causes of emergence of grief in our life.

How to overcome? My childhood memoirs bring the preaching of my beloved father (left this earthly attraction 20 year back) -`Try to become a large tree'. That instant I could not realize the inner meaning of it. Now realized. Efforts should be all total submission for betterment of mankind -like a tree which utilizes every part of it.

Every situation we face in our life is temporary. So when you are great going, enjoy and receive it whole heartedly. Even in adverse situation keep in mind that this phase won't last for long and better days are coming. But always remember that quality of life cannot be uplifted unless we raise our thought process and depth of our understanding to help the downtrodden.

Have you noticed the ripples created by a smallest drop of water in a pond? Even it is negligible, but affect is all total. So your smallest effort would change the surrounding to positivity.

From experiences, I have learnt the ultimate preaching of life –peace begins when expectation ends from others around you. Expectations are many- we expect so many earthly things from our associates, near and dear ones, surroundings. Even failure of any disturbs our mind set-eventually loss of peace of mind. Control of mind set in selecting good or evil solely depends on us. নিষ্কাম কর্ম as stated by our beloved Gita should only be the guiding strength of our life force. Don't expect anything in return from the person whom you have helped him/her to remove obstacles in life. Mental peace emerges only by serving others.

That day I was watching a popular TV show-interview of the owner of a startup of different kind- he and his associates arranges tasty foods to the orphan kids in and around Hyderabad. Prior to that the owner was employed in one multinational firm, secured career. One day he was waiting in a take away food center to receive the food pack. Receiving the delivery, he suddenly saw a little teenager in search of food, without hesitation he handed over the food packet to him and returned home empty handed but full of exceptional mental peace which prompted him to start the startup with different kind to feed the orphan kids with tasty foods. That's the point. Emergence of that type of exceptional mental peace in our mind we have to make divine efforts.

The best way to live peacefully –lead simple life with minimum desirability. A person who lives simply and economically can be called **frugal.** In design a new term has emerged as Frugal Engineering. The definition of frugal is not spending a lot of money and not being wasteful. An example of frugal is someone who uses coupons to buy groceries. Even the price of Mobile phones (the most desirable earthly attractions to us) can be reduced if nos. of apps are reduced – introduction of frugal concept.

Remember difficulties are not obstacles but opportunities. Try to create simpler plans in erasing obstacles. Once the plans are unpretentious and achievable for the mind, they are easy to accomplish.

To conclude attention, affection and appreciation – these three efforts we should introduce in our mind set to make presence of our surroundings purposeful.

# Time is an Illusion

*Samir Roy, Faculty*

All clocks are alarm-clocks
Unless
You realize that
*Time is an illusion.*

Immanuel Kant knew.
That's why he was so punctual.
That's why
He never missed an appointment.

Illusions should be taken seriously.
They have a deeper impact on our lives
Than reality.
What's life without an interesting illusion?
Behind every illusion that is a reality,
Illusions are more real than reality.
Therefore, one should never ignore an illusion
Rather, should handle them with utmost care and affection
Knowing fully well that
These are illusions, not
Reality.

For instance,
Time is an illusion.
That's why the Sun is never late for sunrise
Or sunset.
And Immanuel Kant was so punctual.
He never missed an appointment.

Relax, Babe.
Why are you so afraid of missing the bus? After all
This is a Bus Stop!
So stop here, and look around.
And realize that
Time is an illusion. Otherwise
Every clock will be an alarm-clock for you.
They will never let you sleep
Peacefully.






***Priya De***, Student

# অবসর

*দীপক গুপ্ত, কর্মী*

দেখতে দেখতে অলকের কাছে এই দিনটি এসে গেলো। আগামীকাল, শুক্র বার অর্থাৎ ২৮ শে ফেব্রুয়ারি, ২০২০, তার কর্মজীবনের অবসর নেওয়ার দিন। প্রায় ৩২ বছর আগে উপেন কাকার হাত ধরে এই অফিসে কাজে যোগ দেয় একজন অস্থায়ী কর্মচারী হিসাবে। অফিসের বাবুদের নানা ফাই ফরমাইস খাটতে হতো। এইভাবে প্রায় বছর দুয়েক কাজ করার পর স্থায়ী চতুর্থ শ্রেণী কর্মী হিসেবে নিযুক্ত হয়।

বাড়িতে বাবা, মা, ছোট বোন আর ঠাকুমা, এই নিয়ে তাদের সংক্ষিপ্ত পরিবার। বাবার পৈতৃক এই বাড়িটা থাকায় মাসের শেষে যা পেত, তাই দিয়েই কষ্ট করে অলোক চালিয়ে নিত।

গৌরীবাড়ীর পার্ক সংলগ্ন অলকের বাবার ঐ সামান্য চায়ের দোকান থেকে সে রকম আয় ছিল না। যে টুকু আসতো তাতে খাওয়া দাওয়া দিয়ে বাকিটা অলকদের পড়াশুনার পিছনে খরচ হতো। নবম শ্রেণীতে ওঠার আগে তাই কোনো গৃহ শিক্ষক ছিল না।

অলকের বাবা ছাত্র হিসেবে ভালই ছিল। ভাগ্যের দোষে তাকে এই পেশা নিতে একরকম বাধ্য করেছিল। দোরে দোরে ঘুরেও একটা চাকরি যোগাড় হলো না। অথচ উপেন ঠিক একটা যোগাড় করে নিল।

সুলোচনা (রুমিকে) অলক যেদিন প্রথম দেখে, কলেজ স্ট্রিট অঞ্চলের একটি বইয়ের দোকানে। কি একটা বই ওর দরকার ছিল। কিন্তু কোথাও পাচ্ছে না। পাশেই অলক দাঁড়িয়ে ছিল হেডস্যারের কিছু বই কিনতে। মেয়েটির কথা শুনে একরকম আগ বাড়িয়ে বলল

" আপনার কি বইটা আজই দরকার?"

"হ্যাঁ, কেন বলুন তো?

" না, বইটির সঠিক হদিশ আমার জানা আছে কি না, তাই"

হাতে যেন চাঁদ পেলো, সুলোচনার তখন অনুরোধের সুর, " আজ কি পাওয়া যাবে?"

সেই শুরু। তারপর থেকে যা হয়, বই দেয়া নেয়া, প্রেম, বিয়ে। এই বিয়েটা করতে গিয়ে অবশ্য সুলোচনাকে বাড়ির সঙ্গে সম্পর্ক চোকাতে হয়েছিল। বাবা মা কখনোই চায়নি তাদের মেয়ে একটি বেকার ছেলের হাতে পড়ে। বিয়ের পর থেকে ও আর ওই পথে মাড়ায় নি।

পড়াশুনায় অলক খুব একটা খারাপ ছিল না। স্কুলে বরাবর প্রথম দশ জনের মধ্যেই থাকতো। নিজে ভালো অঙ্কটা বুঝত। বোন অঙ্কে একটু কাঁচা, তাই বোনের মাস্টার বলতে দাদা।

আকাশটা আজ সকাল থেকেই থম দিয়ে আছে। খাতায় কলমে শীত কাল, কিন্তু এখন তো আর ঋতু ব্যাকরণ মেনে চলে না। গত এক সপ্তাহ ধরেই গায়ে আর সোয়েটার রাখা যাচ্ছে না। কয়েকদিন ধরেই একটা বিশ্রী গুমোট ভাব চলছে। আকাশের এই চেয়ে থাকাতে মনে হচ্ছে আজ ঢালবে।

মাধ্যমিক দেবার আগে টেস্ট পরীক্ষায় অলক প্রায় 52% নম্বর পেতেই ওকে আর একটা মাস্টার দেবার কথা চিন্তা করলো ওর মা। বলে, " মিন্টু, তোর তো আর একটু উন্নতি করতে হবে"

- "ঠিক বলেছো মা, ফার্স্ট ডিভিশন না পেলে উচ্চ মাধ্যমিকে সাইন্সে ভর্তি হতে পারবো না"

- "তুই উপেন দা কে বলে একটা মাস্টার দেখ"

- "কিন্তু মা, টাকা তো আরো লাগবে"

- "আমি দেখছি, সেলাইয়ের কাজটা আর একটু বাড়াতে হবে, আমি চাই তুই ভালো রেজাল্ট কর"

ঠাকুমার শরীরটা এদিকে বহু দিন ধরে ভালো যাচ্ছে না। অনেকদিন হলো তিনি বিছানা নিয়েছেন। সঠিক চিকিৎসার অভাবে একদিন প্রাণবায়ু বেরিয়ে গেল।

যা ভেবেছিলো, তাই হোলো, বরুণ দেব অবশেষে বারিধারা বর্ষণ করলেন। টিপ টিপ বৃষ্টি। এর মধ্যেই তো অফিসে যেতে হবে। আজ তার কর্ম জীবনে ফুল স্টপ পড়তে চলেছে যে।

- " কি গো, ভাত দেবো? " রুমির প্রশ্ন।

- " হ্যাঁ, আমি মাথায় জল দিয়ে আসছি"

- ঠিক আছে, আমি একটু মাছের ঝোলটা গরমে বসিয়েছি, তুমি এস"।

বিগত প্রায় কুড়ি বছর ধরে রুমি সংসারের হাল ধরেছে। তার আগে মা ই সবটা দেখে রাখতো। মায়ের গল ব্লাডার অপারেশনের পর রুমি আর মা কে কোনো কাজ করতে দিত না। তবে দুজনের মধ্যে খুনসুটি লেগেই থাকতো। একবার তো দুজনে সিনেমা দেখে এসে কার অভিনয় বেশি ভালো এই নিয়ে সে কি তর্ক! পাশের ঘরে রিমাকে নিয়ে অলক অঙ্ক করাতে বসেছে । কার সাধ্য মেয়েকে পড়ায়। রিমাকে সেদিনকার মতো ছুটির অনুমতি দিতেই হোলো।

-" যাক বাবা, মনে হচ্ছে বৃষ্টিটা একটু ধরেছে। এবার তৈরি হয়ে নি", অলোক রুমির দিকে তাকিয়ে বললো।

- "হ্যাঁ, সেই ভালো।

ঠিক বেরোতে যাবে, এমন সময় ফোনটা বেজে উঠলো। " আশা" থেকে বাবলুর ফোন।

- হ্যালো

- হ্যাঁ বল বাবলু।

- অলকদা, বলছিলাম যে আজকে তোমার কথামত সবাইকে রেডি করে রেখেছি। বিকেল ছ ' টায় প্রোগ্রাম, বেবিদি আর মানস দা আসছে।

- বাঃ, খুব ভালো। আমি সময় মত পৌঁছে যাবো। এখন রাখছি।

"আশা" র বয়স প্রায় দু বছর হতে চললো। বাবার কোমর ভাঙ্গার পর থেকে বাবা আর উঠে দাঁড়াতেই পারলো না। একটা অপারেশন হয়েছিল। কিন্তু খুব একটা সুস্থ হলো না। হার্ট ফেল করে বাবা চলে গেলো। বাবার মৃত্যুর পর পরই " আশা" র জন্ম। বাবার চায়ের দোকান টাকেই আশা র অফিস বানালো।

অলোক তার মনের মধ্যে পুষে রাখা কিছু সামাজিক কাজ করার বাসনা থেকে এই " আশা" র সৃষ্টি। কিছু প্রতিবন্ধী বাচ্চাদের নিয়ে কাজ চলছে। হাতিবাগান থেকে মানস দা আর কেষ্টপুর থেকে বেবি, এই দুজন ওর পথ চলার সাথী। পাড়ার বাবলুকে ওখানে অফিসিয়াল কাজকর্ম দেখা শোনা করার জন্য রেখেছে। ছেলেটা ভালো এক্সেল জানে। ফটোশপ টাও ভালই জানে। তাই ওকেই রেখেছে সামান্য কিছু অর্থ সাহায্যের বিনিময়ে।

রিমা, নিজের মেয়ে বলে বলছে না। পড়াশোনায় ও চিরদিনই ব্রিলিয়ান্ট। ওর ইচ্ছেতে অলকেরা কখনও বাধা হয়ে দাঁড়ায়নি। ক্ল্যাট দিয়ে ব্যাঙ্গালোরের ন্যাশনাল ল স্কুল থেকে B.A LLB করে LLM করতে করতেই ভেল থেকে legal officer এর অফার পায়। এখন সল্ট লেকের অফিসে আছে।

" বাবা, ওলা বুক করেছি, ও টিপি টা মনে রেখো 9207" রিমার আদেশ।

" করে দিলি মা, তো কত?"

" গুগল পে তে দিয়ে দিয়েছি"

বলতে না বলতে ওলা এসে দাঁড়ালো। আমিও চললাম অফিসের শেষ দিন দেখতে।

চতুর্থ শ্রেণীর কর্মচারী থেকে আজ অফিস superintendent হয়ে রিটায়ার। জার্নিটা সোজা ছিল না। একজন গ্র্যাজুয়েট হয়েও ক্যাজুয়াল কর্মী হয়ে জয়েন করেছিল। অফিসে এল ডি সি র জন্য পরীক্ষার মাধ্যমে অলক সিলেক্ট হয়। বিজ্ঞাপন দেখে অনেকেই হাজির হয়েছিল। শেষ পর্যন্ত ওর কপাল ফেরে। সেদিন সব থেকে বেশি খুশি হয়েছিল মা। বাবা, বোন ঠাকুমা সবাই আনন্দে আত্মহারা।

অফিসে এসেই জরুরি কত গুলো ফাইল সামলে ঘন্টা তিনেক পরে একটু হাল্কা লাগলো। কাল থেকে এই চেয়ারটা অন্য কারুর দখলে চলে যাবে। ডিরেক্টর ডেকে পাঠালেন।

- নমস্কার স্যার

- নমস্কার, মি. ঘোষ, আপনার বাকি জীবনে রইলো অনেক শুভেচ্ছা। আপনার দীর্ঘায়ু কামনা করি।খুব শিগগির আমাদের দেশেও শুনছি করোনা নামক মহামারী আসছে। সাবধানে থাকবেন।

- স্যার, আজ বিকেল থেকেই আমার কাজ বেড়ে যাবে।

- সেটা কি?

- আপনি হয়তো জানেন যে আমি প্রতিবন্ধী বাচ্চাদের শিক্ষা, স্বাস্থ্য নিয়ে কাজ করি।

- আপনার কাজের প্রতি আমার শুভ কামনা রইলো।

- ধন্যবাদ স্যার।

- ভালো থাকবেন।

আগেই অলক সবাইকে বলে রেখেছিলো যে আমার যেন কোনো ফেয়ার ওয়েল না রাখা হয়। তাই অনেকেই এসে অলকের সাথে দেখা করে গেলো। রাম পাল কে টাকা দিয়ে বললো সবার জন্য মিষ্টি নিয়ে আসতে। ও বেয়ারাদের মধ্যে খুবই ভালো লোক। অলক অফিসের লাইব্রেরির জন্যে পঁচিশ হাজার টাকা ইউনিয়নের সেক্রেটারির হাতে তুলে দিলো । ওর খুব ইচ্ছে ছিল কিছু উঁচু ক্লাসের পড়ার বইতে লাইব্রেরির তাক সমৃদ্ধ হোক। সেক্রেটারি মাথা নাড়লো।

ফোনে একটা মেসেজ এল। 6434, রিমার মেসেজ। ওলার ও টি পি। অতএব সবাইকে হাত নাড়িয়ে গাড়িতে উঠে গেল। সোজা বাড়ি।

বাড়িতে এসেই একটু ফ্রেশ হয়ে নিল। এবার তার দ্বিতীয় ইনিংস। পুরোপুরি ভাবে তার "আশা" র কলেবর বৃদ্ধিতে মনোনিবেশ। বাচ্চা গুলো তাকে দেখেই আনন্দ প্রকাশের ভঙ্গিমা দেখাতে লাগলো।

মানস আর বেবি দাঁড়িয়ে আছে ফুলের তোড়া নিয়ে। বাচ্চা গুলোর জন্য আমি হরেক রকমের খেলনা এনে রাখতে বলেছিলো।

কিন্তু এ কি ! আজ তাদের জন্য ট্রাই সাইকেল দেওয়ার আয়োজন চলছে। আর এই উপহার দিয়েছে তার একমাত্র কন্যা রিমা ! চোখের কোনে অশ্রু। আবেগের অশ্রু। ভরসার অশ্রু। রিমা অবসর নিতে দেবে না।

# খবর

*প্রশান্ত পাল, কর্মী*

[এই গল্পের সমস্ত ঘটনা, চরিত্র, স্থান ও কাল কাল্পনিক। বর্তমানের কোন ঘটনার সাথে এই গল্পের কোন সাদৃশ্য/যোগাযোগ নেই।]

"কেতো একটা বিড়ি দে।"
যার উদ্দেশ্যে কথাগুলো বলা সে তখন তিন পাত্তি খেলতে ব্যস্ত।
"এই কেতো একটা বিড়ি দিবি কিনা বল।"
চার অক্ষরের একটা মধুর সম্বোর্ধন করে কেতো, পঞ্চার হাতে একটা বিড়ি দিয়ে বললো, "তুই কি শালা কোন দিন কিনে খাবি না।"
"কিনেছিলাম, শেষ হয়ে গেছে" উদাস ভাবে বলল পঞ্চা।
কেতো আর কথা বাড়ালো না খেলায় মন দিল আজ থেকে ও আর পঞ্চাকে চেনেনা ও শালার কোন পরিবর্তন হবে না।

ওরা যেখানে বসেছিল সেখান থেকে শ্মশানের চুল্লিটা দেখা যায়। চুল্লির গেটের বাইরে কালো প্লাষ্টিকে মোড়া লাইনে সারি সারি মৃতদেহ। হুটারের আওয়াজ আর লাল আলোর চক্করে চেনা জায়গাটা কেমন যেন অচেনা লাগছে।

বিড়িতে সুখটান মেরে পঞ্চা মনে মনে বলতে থাকে, শালা কি রোগ ছড়ালো খুঁদে চোখের লোকগুলো সারা পৃথিবীতে। মুখে জল দেওয়া তো দুর, শেষ দেখা টুকু ও দেখতে পাচ্ছে না কাছের মানুষেরা।
"এই কেতো আর কতক্ষন" পঞ্চা কেতোর পিঠে ঠেলা মেরে বলল।
এক রাশ বিরক্ত নিয়ে পঞ্চা বলল "বস না শালা,বাড়িতে কি রাজ কাজ ফেলে এয়েচিস।"
তারপর একমুখ হাসি দিয়ে হাতের ইশারায় বলল, "কাজের শেষ আছে।"

পঞ্চা, কেতো আর পাড়ার দুটো বখাটে ছেলে জোগাড় করে ওরা এসেছে কেতোর বউ মালতির অনুরোধে।
মালতি যে ফ্ল্যাটে কাজ করে তার দাদাবাবুর শবদেহের সাথে। স্ত্রী বিয়োগের পর মালতির উপর দাদাবাবুর পুরো দায়িত্ব দিয়ে ছেলেমেয়ে দুজনে বিদেশে নিজেদের কর্মস্থলে ফিরে গেল। বাবাকে ওরা সঙ্গে নিয়ে যাওয়ার জন্য জোর করেছিল, কিন্তু স্বদেশ চক্রবর্তী রাজি হননি। জীবনে আর একবার ছিন্নমূল হতে। ছেলেমেয়েরা অবশ্য কর্তব্যর কোন গাফিলতি কোনদিন করেনি।

সবই ঠিক চলছিল। স্বদেশ বাবুর সকালে প্রাতঃভ্রমণ বন্ধদের সাথে আড্ডা। হঠাৎই কোথা থেকে সব উলোট পালোট হয়ে গেল। অল্প জ্বর কাশি। খুব একটা আমল দেননি স্বদেশবাবু। মালতিই জোর করে ডাক্তারের কাছে ঠেলে পাঠিয়েছিল। টেস্ট করতেই ধরা পড়লো পজিটিভ। হুটার লাগানো গাড়ি করে দাদাবাবু কে হসপিটালে নিয়ে গেল। অনেক দূর থেকে মালতি দেখল দাদাবাবু হাত নেড়ে ওকে আস্বস্ত করছে। করপোরেশনের লোকজন এসে ফ্ল্যাটটাকে যেন স্নান করিয়ে দিলো। দুদিনও গেল না সব শেষ।

ছেলেমেয়েরাও শেষ দেখা দেখতে পেলনা। অতদূর থেকে তড়িঘড়ি করে এসেও অবশ্য শেষ দেখা ওরা দেখতে পেতনা। ছেলেমেয়ে দুজন মালতিকে বারবার কাকুতি মিনুতি করে বললো মালতির বর যদি একবার শ্মশানে যায়।

মালতির কথা শুনে কেতো ওকে এই মারে তো সেই মারে। শেষে পঞ্চা মাঝখানে ঢুকে কেতোকে সামলে একটা সমাধান বার করল। পঞ্চা আবার মালতির কথা ফেলতে পারেনা। মালতি যখন বললো "যাও না পঞ্চাদা ওর সাথে শ্মশানে।" পঞ্চা এক কথায় রাজি হয়ে গেল। মালতি ওর সামনে আসলে এখনোও পঞ্চার সারা শরীরে কেন যে উথাল পাথাল শুরু হয় পঞ্চা তা আজও ভেবে পায়না। লোকজন আড়ালে আবডালে বলে মালতির জন্য পঞ্চা কোনদিন নাকি বিয়েই আর করলনা। লোকে যে খুব একটা ভুল বলে তা না। সাহস করে মালতিকে মনের কথা কোনদিন বলতেই পারেনি পঞ্চা।

আঙুলের ফাঁকে বিড়ির ছেঁকা তে সম্বিত ফিরল পঞ্চার, আর ঠিক তখনি দূরের জটলা থেকে গোলমালের আওয়াজটা ভেসে এল।

"এই কেতো দেখতো কিসের ঝামেলা হচ্ছে, কী বলছে নড়ছে" পঞ্চার আওয়াজে খেলা মাঝপথে থামল। ওরা গুটি গুটি করে সামনের ভিড়ের দিকে এগোলো।

ভিড়ের সামনের দিকে একজন সাদামাটা লোক দূরের একটা কালো প্লাষ্টিক মোড়া বডি দেখিয়ে বলছে নড়ছে। লোকটার চোখ মুখে

আতঙ্কের চিহ্ন। চিৎকার শুনে, হাফ প্যান্ট আর স্যান্ডো গেঞ্জি পরা দুটো কমবয়েসি ছেলে ভিড়টার কাছে এসে বলল, "এখানে কিসের কিচাইন হচ্ছে, ফুটুন সব।"

ওদের কথায় এমন একটা মাতব্বরি ভাব ছিল যা শুনে ভিড়টা দুকদম পিছিয়ে গেল। কিন্ত কেউ জায়গা ছাড়লনা। পাঁচ হাত দূর থেকেও পঞ্চা ছেলে দুটোর মুখ থেকে দেশি মালের গন্ধ পেল।

ছেলে দুজনের মধ্যে একজন প্লাষ্টিক মোড়া ওই বডির কাছে বসে কালো প্লাস্টিকের গায়ে হাত দিয়ে সামনে দাঁড়ানো আর একজন কে বলল, "গুরু, মাল মনে হয় এখনো ট্যাশেনি, খুলব ?"

গুরুগম্ভীর গলায় বললো, "কি কিচাইন এতো থানা পুলিশ এর লাফড়া, কচি নম্বর দেখ কোথা থেকে এসেছে"। তারপর দূরের ভিড়টার দিকে তাকিয়ে ফিল্মি ডায়লগে বলল, "বডির সাথে কে আছে?"

"মালতির দাদাবাবুর নম্বর কত ?" পঞ্চা কেতোকে জিজ্ঞাস করল।
" দূর শালা, আমি জানি না, নাম নাম.. ।"
"খাবি খাচ্ছিস কেন, নামও জানিস না ? "
"না রে কী চক্কোত্তি যেন বলেছিল। "
"মালতিকে ফোন কর " পঞ্চা বিরক্ত হয়ে কেতোকে বলল।
"আমি পারবো না তুই কর " কেতো পঞ্চাকে দায়িত্ব ফিরিয়ে দিল।
খবরটা দাবানলের মত চারদিকে ছড়িয়ে পড়লো। কিছুক্ষনের মধ্যে পুলিশের লোক এসে ভিড়টাকে লাঠি উঁচিয়ে তারা করল। এরই মধ্যে খবরের গন্ধে গন্ধে টিভি ক্যামেরার লোকজন ও হাজির। চোখে হাজারো পাওয়ারের আলো ফেলে আর দূর থেকে লাঠি তে বাঁধা মাইক পঞ্চার মুখের সামনে ধরে একটি অল্পবয়েসি মেয়ে বলল, "দাদা আপনি নড়তে দেখেছেন ?"

চড়া আলোয় পঞ্চার চোখ ঝাপসে গেল, বাঁহাত দিয়ে আলোটা আড়াল করে বলল , "আমি…"
ওকে মাঝপথে থামিয়ে মেয়েটি বলল, "হ্যাঁ। হ্যাঁ বলুন। কী দেখলেন? কি ভাবে নড়ছিলো ?"

"না। মানে আমি ঐখানে বসে বিড়ি খাচ্ছিলাম ।"
মেয়েটি বিরক্ত হয়ে পঞ্চাকে থামিয়ে বলল, "আপনি নড়তে দেখেছেন। "
"না। চিৎকার শুনেছি, নড়ছে।"
সঙ্গে সঙ্গে আলো বাকি তিনজনের দিকে ঘুরলো আর মেয়েটি জিজ্ঞাসা করলো , "আপনারা নড়তে ..?"
ওরা তিনজন এক সাথে বলে উঠল, "না।"

মাঝ রাতে আকণ্ঠ দেশি মাল খেয়ে চারমূর্তি বাড়ির পথ ধরলো। মালতি তখন ঘর আর বার করছে।

ঘন্টা খানিক পর গলির মুখে টলতে টলতে মালতি ওদের ফিরতে দেখলো। চারজন একে অপরকে জড়িয়ে ধরে মন খুলে হাসছে, আর মাঝে মাঝে জড়ানো গলায় বলছে, "চকোত্তির  শালা খবর হওয়া হলো না।"




*তন্দ্রা দে দাস (কর্মী প্রিয়তোষ দে'র স্ত্রী)*

**ভূমিকা -**

আজ থেকে প্রায় পঞ্চাশ-ষাট দশক যুগ থেকে একশত শতাব্দীর কিছু পূর্ব পর্যন্ত মানুষের বিনোদনের অন্যতম মাধ্যম ছিল বইপড়া, তা বড় বড় মনীষীদের গল্প, উপন্যাস, ইন্দ্রজাল কমিকস বা ভূতের গল্প থেকে শুরু করে বড়দের গল্প ইত্যাদি। তখন ম্যাগাজিন ও বিভিন্ন ছোটছোট গল্পের বইগুলি বিশেষভাবে ভূমিকা পালন করেছিল আমাদের কৈশোর বয়সে। কেননা, সত্তর দশকে রেডিও ও টেপ-রেকর্ডারের জনপ্রিয়তা কিছুটা থাকলেও, সেই সময় টিভির জনপ্রিয়তা প্রায় ছিল না বললেই চলে। মোবাইল ও কম্পিউটার তো একদমই ছিলই না। কিন্তু এখন, কম্পিউটার ও মোবাইল জনপ্রিয়তায় সর্বেসর্বা। এই কম্পিউটার ও মোবাইলের জন্য আমরা আজ সবকিছু ভুলতে বসেছি । শিশুরা ভুলতে বসেছে তাদের খেলার মাঠ, ক্রিকেট খেলা, হাডুডু খেলা, মার্বেল (গুলি) খেলা, ডাংগুটি খেলা, খোখো খেলা আরও কত খেলা। ছোট ছোট শিশুরা আজ মোবাইল ও কম্পিউটারের জগতে এসে এই সব খেলা তো প্রায় ভুলতেই বসেছে। এখনকার দিনের প্রায় অনেক শিশুরা জানেই না যে, এই সব খেলা কিভাবে খেলতে হয়। এরমধ্যে আজ এই শতাব্দীর মানুষ বিশেষভাবে আমরা প্রত্যেকে এই মারাত্মক মরণ ব্যাধি কোভিড-১৯ মহামারীতে গৃহবন্দী। সারে সারে মানুষের মৃত্যু মিছিল যখন চোখের সামনে দেখি তখন মন ভীষণভাবে ভারাক্রান্ত হয়, আর এই গৃহবন্দী অবস্থায় থাকতে থাকতে আমরা সবাই মনে হয় মানসিক ভাবে অসুস্থ হয়ে গেছি। কিছু একটা নিয়ে তো থাকতে হবে। সেই সময় দেবদূতের মতো আলো দেখাল 'ভারতীয় কলা আর শিল্প'। তখন ঠিক করলাম আমি এখানে কিছুনা কিছু উপস্থাপন করবো। যেমন, গল্প লেখা, কবিতা লেখা, গান করা, ছবি আঁকা ইত্যাদি ইত্যাদি। আর এরই মাধ্যমে নিজের মনকে ভাল রাখতে চাই। আর যোগ দিলাম সেইসব কলা ও কুশলীদের দলের মধ্যে, যেখানে আমি একজন সমুদ্রের এক কণা বালি। এইজন্য 'ভারতীয়

কলা আর শিল্প'কে আবারও বিশেষ ভাবে অসংখ্য ধন্যবাদ জানাই। এখানে আমি আমার ছোটবেলার সত্যিকারের ভূতের গল্প, যেটা আমি, আমার বাবা, মা, দাদা, ভাই চাক্ষুস উপলব্ধি করেছিলাম।



মাঝে মাঝে মনে হয় ভূত মানেই সব আজগুবি কল্পনা, কাল্পনিক, রূপকথার গল্প। এইসব কিছু হয় নাকি? সবই আজগুবি ও কাল্পনিক। কিন্তু কিছু কিছু ঘটনার কথা যেগুলি আমার সঙ্গে, আমার পরিবারের সঙ্গে ঘটেছে তা অস্বীকার করি কি করে। আজ সেইসব সত্যি ভয়ঙ্কর ভূতের গল্প যেগুলি আমি চাক্ষুস উপলব্ধি করেছি, সেগুলিই আমি আমার লেখার মধ্যমে আপনাদের কাছে উপস্থাপন করলাম 'ভারতীয় কলা আর শিল্প'র মাধ্যমে।

**প্রথম ঘটনাটা শুরু করলাম আমি আমার নিজের অভিজ্ঞতা দিয়ে -**

আমাদের পৈত্রিক বাড়ি গোচরন গ্রামের খাকুরদহ হাট নামক গ্রামে। সপ্তাহে দুইদিন মঙ্গলবার ও শনিবার হাট বসে। সেই হাটে জামাকাপর, কাঁচাসব্জি থেকে শুরু করে খাট/পালঙ্ক সব পাওয়া যায়। গোচরন ষ্টেশনে নেমে ভ্যানরিক্সা করে যেতে হতো খাকুরদহ হাটে। ভ্যানরিক্সা করে খাকুরদহ হাটে যেতে সময় লাগে প্রায় আট/নয় মিনিট। খাকুরদহ হাট থেকে পায়ে হেঁটে বাড়ি যেতে সময় লাগে পাঁচ থেকে ছয় মিনিট। আমার ঘটনাটি রাতেরবেলায়। তখন কোন বিদ্যুতিক আলো ছিল না। মাটির স্যাঁতস্যাঁতে রাস্তা। সব রিক্সা কুপি জ্বালিয়ে মাটির রাস্তা দিয়ে যাতায়াত করতো। পাকা রাস্তা হয় নি। আমাদের যাতায়াতের পুরো রাস্তা বাঁশবন আর হোগলা বনে ভরা। তখন ছিল শীতকাল। কণকণে ঠান্ডা, আমার বয়স তখন সাত কি আট বছর হবে। রাতের বেলায় হ্যারিকেন, লম্ফবাতি নিয়ে আমরা আসাযাওয়া করতাম। আমি একবার মায়ের কাছে বায়না করেছিলাম মামার বাড়িতে থাকবো বলে, মামাবাড়িতে গিয়ে দুইদিন ছিলামও। মামার বাড়ি আমাদের বাড়ি থেকে বেশি দূরে নয়। কিছুটা দূরে আমার মামার বাড়ি। একদিন দিদিমার কাছে আমি এমনি বসে আছি। দিদিমা কাঠকয়লায় রান্না করছে আর দেখছি। তখন সন্ধ্যাবেলা, দিদিমা রান্না করতে গিয়ে দেখল রান্না করার তেল বাড়ন্ত। আমার চার মামার মধ্যে কেউই ঐ সময় বাড়িতে নেই। হয়তো এইদিক ওইদিক কোথায় বসে জমিয়ে আড্ডা দিচ্ছে। আর দাদুও হাটে গিয়ে জমিয়ে গল্প করছে তাঁর বন্ধুদের সঙ্গে। বাড়িতে তো তখন আর কেউই নেই, কোন উপায় না দেখে দিদিমা আমাকেই বলল, মেনু (আমার ডাকনাম), যাও তো দাদু হাটে আছে। দৌড়ে যাও। দাদুকে গিয়ে বল রান্নার তেল লাগবে। মেনু, তুমি কি যেতে পারবে? আমি বললাম হ্যাঁ যেতে পারবো। দিদিমা বলল, যখন ফিরে আসবে, দাদুকে সঙ্গে করেই নিয়ে ফিরবে। আর দাদুর হাত ধরে আসবে, একা আসবে না, কেমন। দিদিমা বলল, ভয় পাবে না তো? আমার যে ভয় করবে না এমন কথাটি লুকিয়ে রেখে বুকে সাহস এনে বললাম, 'হ্যাঁ দিদিমা আমি পারবো'। এখানেই বলে রাখি, মামা বাড়ি থেকে হাটে যেতে গেলে পথে দুটো ঘন বাঁশ বন পরে। আর সেখানে প্রচন্ড ঘুটঘুটে অন্ধকার। একাএকা গেলে কিছুটা গা ছমছমও করে ঠিকই, কিন্তু অগত্যা যেতে হবেই। যথারীতি দিদিমা তেলের শিশিটি আমার হাতে দিল আর একহাতে লম্ফ দিয়ে দিল। আমিও এক হাতে তেলের শিশি ও এক হাটে লম্ফ নিয়ে হাটের দিকে এগোতে লাগলাম। তখন সন্ধ্যে সাতটা, শীতকাল, এমনিতেই পথ অন্ধকার। সেই পথেই একটি জায়গা পরে, যেখানে দিনের বেলাতেও কখনও কখনও বাচ্চারা প্রকৃতির ডাকে সারা দিতে যায়। আমি সেই পথের পাশ ধরে যাচ্ছি। ঠিক তখনই একটা জায়গায় আমার থেকে দুই-তিন হাত দূরে একটি মহিলাকে একদম সাদা ধবধবে লাল পাড় সাদা শাড়িতে অর্ধ ঘোমটায় নিমজ্জিত অবস্থায় দাড়িয়ে থাকতে দেখলাম। সেই অর্ধ ঘোমটার ফাঁক দিয়ে জ্বলজ্বল দুটো চোখ যেন অর্ধচন্দ্রাকারে আমার দিকে তাকিয়ে আছে। যেটা দেখে আমার সারা শরীর তৎক্ষণাৎ ভয়ে কাঁটা দিয়ে উঠেছিল। আমার পায়ের গতি ক্রমেই শ্লথ হয়ে এসেছিল। কোনরকমে ভগবানের নাম করতে করতে হাটে চলে গিয়েছিলাম। মনে মনে ভাবছিলাম, কে ঐ মহিলা;



হয়তো রাতের বেলায় বাঁশবন অন্ধকার থাকাতে প্রকৃতির ডাকে সারা দিতে এসেছিলেন, হয়তো আমাকে দেখে লজ্জায় উঠে দাড়িয়ে পরেছিলেন। তারপর আমি সেখান থেকে হাটে চলে গিয়েছিলাম। পরে দাদুর সঙ্গে ফেরার পথে আর কিছুই দেখতে পাইনি। বেশ কিছুদিন পর, এই ঘটনার কথা আমি আমার মা'কে বলি। মা বলেছিল, যে উনি আর কেউই নন, একটি অতৃপ্ত মহিলার আত্মা। বহুবছর আগে ঐখানেই বিষ পান করে আত্মহত্যা

করেছিলেন। মায়ের মুখে আরও শুনেছি যে, ছোটবেলায় ঠিক ঐ পথ দিয়ে যাওয়ার সময় মা'ও ঐরকম দেখেছিল ও প্রচন্ড ভয় পেয়েছিল। সেইজন্য মায়ের খুব জ্বরও হয়েছিল। মাকে ঝাড়ফুঁক দিতে হয়েছিল। গ্রাম্য বিশ্বাস। আবার ঝাড়ফুঁকের সাথে সাথে ডাক্তারও দেখেছিল। তবে কিছুদিন পরে মা ভালও হয়ে গিয়েছিল।

**এবার আসছি আমার ভাইয়ের কথায় -**



আমার ভাই সদ্য B.S.C. পাস করেছে। টুকটাক করে চাকরির ছোটখাটো ইন্টারভিউও দিচ্ছে। একটি চাকরির ইন্টারভিউ দিতে বিরাটি যেতে হয়েছিল। আমাদের বাড়ি থেকে পায়ে হেঁটে খাকুরদহ হাটে যেতে হবে, সেখান থেকে গোচরন রেল ষ্টেশন যেতে হবে ভ্যানরিক্সা করে। তখন সময়টা ছিল ঠিক জুলাই মাস অর্থাৎ ঘোর বর্ষার সময়। আগেরদিন অর্থাৎ রবিবার সারাদিন, সারারাত ধরে ঝিরঝির করে একনাগারে বৃষ্টি হয়েছে। স্যেতস্যেতে আবহাওয়া। ইন্টারভিউ ছিল সেই দিন সোমবার সকাল দশটার সময়। তাই ভাইকে ভোর সারে চারটার ট্রেন ধরে রওনা হতে হবে। তা না হলে ঠিক সময়মত পরীক্ষার কেন্দ্রস্থলে হাজির হতে পারবে না। সেইকারণে, ভাইকে ভোর সারে তিনটে নাগাদ বাড়ি থেকে বের হতে হয়েছিল। তখনও ঝিরঝির করে বৃষ্টি পড়ছিল। মা দাদাদের অসুবিধার সৃষ্টি না করে শুধু আমাকেই বলে ভাই বেড়িয়ে গেল পরীক্ষা দিতে। কেননা বাড়ির সবাই ঘুমচ্ছিল। ভাইকে অনেকটা রাস্তা হেঁটে যেতে হবে। আমাদের বাড়ি থেকে পায়ে হেঁটে রেলষ্টেশন যেতে প্রায় পনেরো থেকে কুড়ি মিনিট সময় লাগে। অতভোরে কোনও ভ্যানরিক্সাও পাওয়া যাবে না। সেইদিনই ভাই ইন্টারভিউ দিয়ে বাড়ি ফিরেছিল সন্ধ্যা ছয়টা নাগাদ। চুপচাপ মুখ হাত পা ধুয়ে জলখাবার খেয়ে বিশ্রাম নিচ্ছিল। ভাইকে সেই দিন কিছুটা অস্বাভাবিক দেখাচ্ছিল। সেইদিন ও আর কিছুই বলে নি। তবে সমস্ত ঘটনা বলেছিল কিছুদিন পর।

কি ঘটনা ঘটেছিল। তার আগে বলে রাখি, আমাদের রেল ষ্টেশনের নাম গোচরন। রেল ষ্টেশনে যেতে রাস্তার মধ্যে বড় বড় দুটি খুব পুরনো বটগাছ পরে। ঠিক ঐদুটো গাছের নিচ দিয়েই সবাইকে যেতে হয়। এখনো ঐদুটো বটগাছ দেখতে পাওয়া যাবে। ভাইএর বর্ণনা অনুযায়ী, যখন সে রাস্তা দিয়ে রেল ষ্টেশনে যাবার জন্য হাঁটছে, তখন দুটো বটগাছের মাঝখানের জায়গায় আগে আগে একটি মহিলাকে যেতে দেখেছিল। যাইহোক, ভাইয়ের মনে একটু হলেও সাহস যুগিয়েছিল যে, পথে সে আর একা নয়। আরও একজন সহযাত্রী, যে রেল ষ্টেশনের দিকে যাচ্ছে। তখন আবহাওয়া খুব খারাপ ছিল। বর্ষার ভোর, ব্যাঙের ডাক, ঝিঁঝিঁ পোকার ডাক অনবরত শোনা যাচ্ছে। একটু ঠান্ডা ঠান্ডা পরিবেশ। কিছুক্ষন একমনে যাওয়ার পর ভাই আবছা আলোয় লক্ষ্য করলো, সহযাত্রী মহিলা। সে কোমর দুলাতে দুলাতে জোরে জোরে হাঁটছে। কিছুক্ষন পরে আবারও অদ্ভুত জিনিষ লক্ষ্য করলো যে, ঐ মহিলাটি আর সামনে নেই, ঠিক ভাইয়ের পিছনে পিছনে কয়েক হাত অন্তর জোরে জোরে হাঁটছে। কিছুক্ষন পর আবার লক্ষ্য করলো, ঠিক মুখের সামনে কয়েক হাত দূরে একই গতিতে একই রকম ভাবে সে চলছে। ব্যাপারটা ভাইয়ের ঠিক ভালো ঠেকল না। কোন কিছু তো একটা ঘটছে। ভাই বলল, আমার সারা গায়ের লোম কাঁটা দিয়ে উঠেছে। ঠিক কিছুক্ষন এই রকম একবার আগে একবার পিছে করার পরে মহিলাটিকে আর দেখতে পাওয়া গেল না। ভাই খুব তাড়াতাড়ি পা চালিয়ে ষ্টেশনে পৌঁছে গেল আর লক্ষ্য করলো তখন কয়েকটা লোকও ষ্টেশনে এসে গেছে ট্রেন ধরার জন্য। মনে সাহস পেল। ভয় কিছুটা হলেও একটু কমলো। আমার ভাইয়ের মনে একটাই বক্তব্য ছিল যে, এতক্ষন ধরে যা যা ঘটলো তা মনের ভুল না দিবাস্বপ্ন। ষ্টেশন যাওয়ার পথে কিন্তু কোনদিন কোন লোকজন কিছু দেখতে পায় নি আমার ভাইও ঐরকম ভোরবেলায় কিছু দেখে নি।

**এবার বলি আমার মেজদার কাছে শোনা কথা -**



উঃ কি ভয়ঙ্কর। চাক্ষুস মেজদার চোখের সামনে দেখা। আমি তখন খুব ছোট। ক্লাস টু-য়ে পড়ি। আমার বাবা রেলে চাকরি করতেন। প্রায়শই বাবা রাত করে হেঁটে বাড়ি ফিরতেন। দমদমে আমাদের

পুরনো পৈত্রিক বসতবাড়ি। রাত করে বাড়ি ফিরলেও কিছু না কিছু হাতে করে সঙ্গে নিয়ে ফেরে। যেমন দৈনিক বাজার, মুখরোচক খাবার ইত্যাদি ইত্যাদি। একদিন হল কি, বাবা দমদম বসত বাড়ি থেকে ট্রেনে করে একটি জার্সি গরু কিনে গ্রামের বাড়িতে নিয়ে আসেন। সেইদিন বাবার বাড়ি ফিরতে অনেকটাই রাত হয়েছিল। রাত তখন প্রায় ২টো কি ২.৫০ হবে। গরুটি দীর্ঘসময় ধরে অভুক্ত ছিল। গরুকে খাবার দেওয়ার মত আমাদের ঘরে খড়কুটো একদম ছিল না বললেই চলে। বাবা, একটু দূরে মামার বাড়ির খড়ের গাদা থেকে মেজদাকে খড় আনতে যেতে বলেছিল। আমার মেজদা আগাগোড়া একটু ডাকাবুকো স্বভাবের। হেন কাজ নেই যে সে পারে না। মামার বাড়িতে যাওয়ার পথে এই মেজদার সঙ্গে যে কি ভয়ঙ্কর ঘটনা ঘটেছিল সেটাই আজ বলবো।

অতরাতে সবাই ঘুমোচ্ছে বলে কাউকে না ডাকাডাকি করে একাই একটা কেরোসিনের লম্ফ নিয়ে মামার বাড়ির গোয়াল ঘরের দিকে রওনা দিয়েছিল। গোয়ালঘরটা ছিল মামার বাড়ি থেকে বেশ খানিকটা দূরে। নির্জন জায়গাতে। গ্রামের বাড়িতে গোয়াল ঘর, বাথরুম একটু দূরে দূরে হয়। যেখানে মামার গোয়াল ঘর ছিল সেখানে দিনের বেলাতেও আমাদের শহুরে মানুষদের যেতে একটু হলেও ভয় ভয় লাগবে। বিষাক্ত সাপ থাকাটাও আশ্চর্যর কিছু নয়। মেজদা যখন গোয়াল ঘরের কাছাকাছি গেল তখন লক্ষ্য করলো খড়ের গাদা বেয়ে কি যেন একটা সাপের মত বেয়ে নিচের দিকে নেমে চলে গেল। সেটি কি গেল, কোথায় গেল দেখার জন্য নিচু হয়ে লম্ফ দিয়ে দেখতে লাগলো, কিন্তু কিছুই দেখতে পেল না। চলে গেছে হয়তো । এই ভেবে যখন আবার খড়ের গাদার দিকে যাবার জন্য যেই সোজা হয়ে দাঁড়ালো, দেখল মেজদার সামনে ভয়ঙ্কর মূর্তিতে দাড়িয়ে আছে এক মহিলা। মেজদার বর্ণনা অনুযায়ী … মহিলাটির লম্বা লম্বা বিশাল ঘন রুক্ষ চুল কোমর থেকে নেমে পায়ের হাঁটু পর্যন্ত চলে গেছে। কিছুটা লম্বা রুক্ষ চুল মুখের উপর এমন ভাবে পরেছে যে, মুখটা প্রায় ঢাকা। হালকা হাওয়ায় মুখের রুক্ষ চুলগুলি উড়ছে। সেই চুলের ফাকে মাঝে মাঝে বড় বড় গোল লাল চক্ষু দুটো দেখা যাচ্ছে। আমার মেজদার টনটনে জ্ঞান। দেখছে গায়ের চামড়াগুলি কিরকম ফাটাফাটা রকমের। মেজদার দিকে সোজা ঐ রুক্ষ চুলের ফাক দিয়ে তাকিয়ে আছে। মেজদা একদম ভয় পায়নি। তবে মনে সাহস যুগিয়েছিল যে, যদি মরতে হয় তবে কিছু হেস্তনেস্ত করে মরবো। মনে প্রচন্ড ভয় ও বুকে উদ্দাম সাহস নিয়ে দাদাও চোখে চোখ রেখে দাঁড়িয়ে রইল। মেজদা একহাতে লম্ফ ও আরেক হাত ঘুসির মত মুষ্টি পাকিয়ে সামনের দিকে এক-পা এক-পা করে এগোতে থাকলো। মেজদা আশ্চর্য রকম ভাবে লক্ষ্য করলো যে, যখন এক-পা এক-পা করে এগোচ্ছে তখন ঐ মহিলাও এক-পা এক-পা করে পিছিয়ে যাচ্ছে। তারপর আস্তে আস্তে গোয়াল ঘরের এক কোনাতে সরে গিয়ে আড়াল হয়ে মিলিয়ে গেল।

মেজদা তখন তাড়াতাড়ি এদিক ওদিক খুঁজে আর কিছু দেখতে পেল না। মেজদা যথারীতি খড়ের গাদা থেকে খড় নিয়ে বাড়ি ফিরে এসেছিল। অনেকদিন পরে যখন মেজদা আমাদের সবার কাছে ঐ ঘটনার বর্ণনা করে, তখন অনেকে বিশেষ করে প্রবীণ বয়স্করা বলে



উনি মা মনসা। ওনাদের কোথায়, ওখানে আমার মামাদের মনসাতলা ছিল। গভীর রাতে উনি নাকি ঘুরে বেড়ান। মেজদা ঐসব কথা উড়িয়ে মনেমনে নিজেকে একটাই প্রশ্ন করলো, যা চাক্ষুস নিজের চোখে দেখেছি, তা তো সত্যি। একদম চোখের ভুল নয়। তবে উনি যে আসলে কে ছিলেন, আমাকেই বা ভয় দেখালেন কেন; এখনো পর্যন্ত মেজদা ভাবতে পারছে না। তবে এই ঘটনার অনেকদিন পর প্রকৃতির ডাকে সারা দেওয়ার জন্য আমার মাসতুতো বোন রাতের বেলায় গোয়ালঘরের পাশে ঠিক সেই জায়গায় গিয়েছিল। সে তখন খুব ছোট ছিল। সে তার দাদুকে সঙ্গে করে নিয়ে গিয়েছিল। দাদুকে এক জায়গায় দার করিয়ে একটু আড়ালে ছিল। সেও ঠিক ঐরকম দৃশ্য দেখেছিল এবং ভীষণ ভয় পেয়ে দৌড়ে এসে দাদুকে জাপটে ধরে চিৎকার করে কেঁদে উঠে দাদুকে বলেছিল ওখানে যেওনা দাদু, ওখানে ভয়ঙ্কর দেখতে কি একটা যেন আছে, গোলগোল লাল চোখ, মাথা ভর্তি মুখ ঢাকা লম্বা লম্বা চুল, তোমাকে মেরে ফেলবে। সেই চিৎকারে পাড়ার সবাই প্রায় জেগে উঠেছিল।

**আমার মায়ের দেখা -**

আগেই বলেছি আমার বাবা রেলে চাকরি করতেন। আমরা খুব ছোট। আর আমরা থাকতাম গোচরন খাকুরদহহাট সংলগ্ন গ্রামে। আমাদের বাড়িটা ছিল বাঁশবন সংলগ্ন। আর তখন এত ইলেক্ট্রিক আলো ছিল না। রাস্তা ঘাটও মাটির ছিল। রিক্সাভ্যানও অত ভোরবেলায় পাওয়া যেত না। অতএব, হেঁটেহেঁটেই ষ্টেশনে যেতে হত। আর বাবার তখন পোস্টিং ছিল নৈহাটিতে। তাই বাবাকে প্রায়শই সকালের প্রথম ট্রেন ধরে অফিসে যেতে হত। কেননা অফিস অনেক দূরে। সময়মত হাজিরা দিতে হবে। তাই মা প্রয়সই খুব অন্ধকার থাকতে উঠে স্নান করে বাবাকে রান্না করে দিত, কি শীতকাল, কি বর্ষাকাল, কি গরমকাল প্রতিদিনই এইরকম পরিস্তিতিতে খাবারের প্রস্তুতি

